বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205.
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫-২৩ তারিখ: ১৬/০৪/২০২৫ খ্রি:

## দপ্তরাদেশ

"চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন বাগানবাড়ী ইউনিয়ন এর অন্তর্গত হাপানিয়া, খাগুরিয়া ও নবীপুর নামক স্থানে মেঘনা শাখা নদীর বামতীর কিঃমিঃ ০.৫০০ হতে কিঃমিঃ ২.০০০ = ১৫০০ মিটার এবং ষাটনল ও সাদুল্যাপুর ইউনিয়ন এর অন্তর্গত কালিপুর বাজার সংলগ্ন কিঃমিঃ ৭.২০০ হতে ৭.৯০০ = ৭০০ মিটার নদী তীর প্রতিরক্ষা কাজ" শীর্ষক প্রকল্প প্রণয়নের জন্য মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের কার্যালয় হতে জরুরী নির্দেশনার প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৩৪.৯৯.০০০৯.১৮.৮৮ তারিখ: ১১/০৩/২০২৫ খ্রি. মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এমতাবস্থায়, বর্ণিত কাজ বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় সুপারিশমালাসহ প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মুঃ আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁদপুর। | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি (ToR)</u> :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপন তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন বাগানবাড়ী ইউনিয়ন এর অন্তর্গত হাপানিয়া, খাগুরিয়া ও নবীপুর নামক স্থানে মেঘনা শাখা নদীর বামতীর কিঃমিঃ ০.৫০০ হতে কিঃমিঃ ২.০০০ = ১৫০০ মিটার এবং ষাটনল ও সাদুল্যাপুর ইউনিয়ন এর অন্তর্গত কালিপুর বাজার সংলগ্ন কিঃমিঃ ৭.২০০ হতে ৭.৯০০ = ৭০০ মিটার অংশে নদীর তীরবর্তী ঘরবাড়ি, রাস্তাঘাট, বাজার, সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, ফসলী জমি, বন্যা নিয়ন্ত্রণ বাঁধসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ নদীগর্ভে বিলিন হওয়া থেকে রক্ষাকল্পে স্থায়ী নদীতীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদান করবেন;

গ) পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা করবেন (যদি থাকে);

ঘ) প্রকল্প এলাকা রঙ্গিন সূচক ম্যাপ (Index Map)-এ প্রদর্শন করবেন;

ঙ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খাল ম্যাপে (Site Plan) প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা (বন্যা/নদী ভাঙ্গন/উচ্চ জোয়ার/জলাবদ্ধতা ইত্যাদি যদি থাকে) উল্লেখ করবেন;

চ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের পানি ধারণ ক্ষমতা/নাব্যতা বৃদ্ধিকল্পে যৌক্তিকতাসহ প্রয়োজনীয় কার্যক্রম (খনন/ পুনঃখনন/ড্রেজিং, পানি ধারণ ও নিয়ন্ত্রণ অবকাঠামো/রাবার ড্যাম/রেগুলেটর/আউটলেট নির্মাণ/পুনঃনির্মাণ ইত্যাদি কাজ) সুপারিশ করবেন;

ছ) বনায়ন বাবদ অর্থের সংস্থান, এলাকাভেদে চারা গাছের প্রজাতি ও সংখ্যা ইত্যাদিসহ নদী/খালের তীরে ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন (Tree Plantation) করার প্রয়োজনীয় সুপারিশ করবেন;

জ) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে গুণগতমান (Both Quality & Quantity) বজায় রেখে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ সুপারিশ করবেন;

ঝ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো দীর্ঘমেয়াদী ও টেকসই (Sustainable) হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঞ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে অনুমোদিত Design অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন (Cost Estimate) করবেন এবং Cost Estimate/Design কারিগরী/সমীক্ষা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

চলমান পাতা-১

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

৩। কমিটির কোন কর্মকর্তা বোর্ডের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৪। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf)** এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখ: ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf)** এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩, তারিখ: ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf)** ও স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৩০, তারিখ: ২৪/০১/২০২৩ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://bwdb.gov.bd/archive/pdf/11875.pdf)** অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশ করবেন।

৫। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমসমূহের সুপারিশমালাসহ প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে ০৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৬/০৪/২০২৫ খ্রি.

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫-২৩ তারিখ: ১৬/০৪/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মুঃ আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।
} একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক mdip.bwdb@gmail.com ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁদপুর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা/ পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১/ চাঁদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঢাকা/ চাঁদপুর।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।

১৬/০৪/২০২৫ খ্রি.

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।